

করা হয়।

# মানি স্কোয়ারে বৈশাখী ব্লাস্ট ২০১১

বাঙালিদের কাছে বিশেষ আনন্দের দিন পয়লা বৈশাখ। বাংলা নববর্ষের প্রথম দিনে বাঙালি মাত্রেই খুশিতে মেতে ওঠে। নতুন জামাকাপড় কেনাকাটা থেকে শুরু করে লোভনীয় সব খাবার-দাবার চেখে দেখা। পয়লা বৈশাখ বাঙালিদের কাছে একটা পার্বণ।

এই বিশেষ দিনটিকে আরও উপভোগ্য করে তুলতে বাইপাসে অবস্থিত শপিং মল 'মানি স্কোয়ার' বেশ কিছু আকর্ষণীয় অফার নিয়ে হাজির হচ্ছে। বিশেষ এই উৎসবের নাম 'বৈশাখী ব্লাস্ট ২০১১'। একটু ভুল বলা হল। ইতিমধ্যে এই উৎসব শুরু হয়ে গেছে গত ৭ এপ্রিল থেকে। চলবে আগামী ২৩ এপ্রিল পর্যন্ত। কী থাকছে এখানে? মানি স্কোয়ারের ফুড কোর্ট 'ম্যাজিক অফ ৪১' অফারে পাওয়া যাবে যে কোনও খাবার মাত্র ৪১ টাকায়। তবে রবিবার ও অন্য সরকারি ছুটির দিন এই অফারের সুবিধা পাওয়া যাবে না। অন্যদিকে মিও আমোর দিচ্ছে ১৫% ছাড়। মাচান ও রাজধানী দিচ্ছে যথাক্রমে ২৫ ও ৪১ টাকার ছাড়।